

সোনার বাংলায় মুজিব বর্ষে
সমাজকল্যাণ এগিয়ে চলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
উপপরিচালকের দপ্তর
জেলা সমাজসেবা কার্যালয়, নওগাঁ
www.dss.naogaon.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.৬৪০০.০০১.১৬.৩০০.২০.২৫৫৪

তারিখ: ৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

বিষয়: নওগাঁ জেলাধীন মান্দা উপজেলার আবিয়া বেওয়া (মোছাঃ রাবেয়া বেগম) এর বয়স্ক ভাতা না পাওয়ার কারণ প্রসংগে।

সূত্র: ১। স্মারক নং- ৪১.০০.০০০০.০৪৩.০২.০০৩.১৬.৬৩৪ তারিখঃ ১০ মার্চ ২০২০ খ্রিঃ।

২। স্মারক নং- ৪১.০০.০০০০.০৪৩.০২.০০৩.১৬.৬৩৬ তারিখঃ ১১ মার্চ ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আবিয়া বেওয়া, (মোছাঃ রাবেয়া বেগম) স্বামী আছির উদ্দিন মোল্লা, গ্রাম-গনেশপুর, উপজেলা-মান্দা, জেলা-নওগাঁ নিম্নোক্ত কারণে যথা সময়ে বয়স্ক ভাতা পাননি।

- ১) বয়স্ক ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা ২০১৩ অনুযায়ী ভাতা প্রদান কার্যক্রম অফিস এককভাবে করতে পারে না। প্রাথমিক বাছাই এর জন্য ইউনিয়ন কমিটি এবং চূড়ান্ত বাছাই এর জন্য উপজেলা কমিটি রয়েছে। তাছাড়া বরাদ্দের তুলনায় চাহিদা বেশী থাকায় শতভাগ ভাতা প্রাপ্তির যোগ্য ব্যক্তিকে এখনও ভাতার আওতায় আনা সম্ভব হয়নি।
 - ২) বয়স্ক ভাতা বাস্তবায়ন সংক্রান্ত ইউনিয়ন কমিটি এবং কমিটির সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান ও সদস্যগণ সময়মত উক্ত বয়স্ক ব্যক্তিকে শনাক্ত করতে না পারা।
 - ৩) উক্ত বয়স্ক ব্যক্তি ইতোপূর্বে উপজেলা বয়স্ক ভাতা বাস্তবায়ন কমিটির নজরেও না আসা।
 - ৪) বয়স্ক ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত নীতিমালা ২০১৩) অনুযায়ী বয়স্ক ভাতা বাস্তবায়ন সংক্রান্ত ইউনিয়ন কমিটি কর্তৃক উন্মুক্তভাবে ব্যাপক প্রচারের মাধ্যমে ইউনিয়ন পরিষদে/সুবিধামত স্থানে যাচাই-বাছাইকালেও তাকে কখনও উপস্থিত পাওয়া যায়নি।
 - ৫) এছাড়াও পত্রিকায় প্রকাশিত তার নাম এবং বয়সের বিভ্রান্তি রয়েছে। তার নাম আবিয়া বেওয়া বয়স ৯০ বছর উল্লেখ থাকলেও এনআইডি অনুযায়ী তার প্রকৃত নাম মোছাঃ রাবেয়া বেগম এবং বয়স ৭৫ বছর। তার জন্ম তারিখ ১৮/০৩/১৯৪৫ খ্রিঃ। উল্লেখ্য যে, পত্রিকায় প্রকাশের পূর্বেই তাকে ভাতা প্রদানের জন্য মনোনিত করা হয়েছে।
 - ৬) আবিয়া বেওয়ার সংবাদটি পত্রিকায় প্রকাশিত হয় জানুয়ারী ২০২০ খ্রিঃ। আর তাকে ২০১৯-২০২০ অর্থ বছরের জুলাই/২০১৯ হতে বয়স্ক ভাতার আওতায় আনা হয়। তাকে ২২ জানুয়ারী ২০২০ খ্রিঃ বয়স্ক ভাতার বহি প্রদান করা হয় এবং ০৪ এপ্রিল ২০২০ তারিখে ১ম ০৬(ছয়) মাসের কিস্তির ভাতা বাবদ ৩০০০/- (তিন হাজার) টাকা ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়।
 - ৭) এছাড়া এ ধরনের সমস্যার সৃষ্টি যেন না হয় এবং প্রকৃত ভাতাভোগীরা যেন ভাতা প্রাপ্তি থেকে বাদ না পড়ে এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, মেম্বার এবং বয়স্ক ভাতা বাস্তবায়ন সংক্রান্ত ইউনিয়ন কমিটিকে পারমর্শ প্রদান করা হয়েছে।
- বিষয়টি মহোদয়ের সদয় বিবেচনার জন্য প্রেরণ করা হলো।

২৩-১২-২০২০

নূর মোহাম্মদ

উপ পরিচালক

মহাপরিচালক

সমাজসেবা অধিদফতর

স্মারক নম্বর: ৪১.০১.৬৪০০.০০১.১৬.৩০০.২০.২৫৫৪/১(২)

তারিখ: ৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর
- ২) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, রাজশাহী

২৩-১২-২০২০

নূর মোহাম্মদ

উপ পরিচালক